

সিটিজেন চার্টার

সেবা প্রদানকারী অফিসের নাম	সেবার নাম	দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা / কর্মচারী	সেবা প্রদানের পদ্ধতি (সংক্ষেপে)	সেবা প্রাপ্তির প্রয়োজনীয় সময়	প্রয়োজনীয় ফি/ট্যাক্স / আনুষঙ্গিক খরচ	নীতিমালা	
সহকারী প্রকৌশলীর কার্যালয়	নিরাপদ পানির উৎস স্থাপন	সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)/উপঃ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)	জনগণকে উপজেলা চেয়ারম্যান/ ইউপি চেয়ারম্যানের নিকট আবেদন করতে হয়। আবেদনগুলো সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) এর নিকট প্রেরণ করা হয়। উপজেলা চেয়ারম্যান/ইউপি চেয়ারম্যানের মাধ্যমে প্রাপ্ত আবেদন সরেজমিন পরিদর্শনপূর্বক খসড়া তালিকা প্রস্তুত করে ইউনিয়ন স্থান নির্বাচন কমিটির নিকট উপস্থাপন করা হয়। ইউনিয়ন স্থান নির্বাচন কমিটির অনুমোদনের পর উপজেলা ওয়াটশন কমিটিতে চূড়ান্ত অনুমোদনের পর সরকারি বরাদ্দ মোতাবেক চূড়ান্ত তালিকা ঠিকাদারের নিকট সরবরাহ করা হয়। সরবরাহকৃত তালিকা অনুযায়ী মালামাল সরবরাহ করে নলকূপ স্থাপনের কাজটি সম্পন্ন হয়।	কার্যাদেশ প্রদানের ৯ মাসের মধ্যে	উপকারভোগী কর্তৃক প্রদত্ত সহায়ক চাঁদা ১।৬ নং অগভীর নলকূপ-১৫০০/- ১.৬ নং গভীর নলকূপ-৭০০০/ ২। অগভীরতার নলকূপ-২৫০০/- ৩। রিং ওয়েল - ৩৫০০/- ৪। সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ-১০০০০/- ৪। সাবমার্সিবল পাম্পযুক্ত অগভীর নলকূপ-৭০০০/-	১। জাতীয় নিরাপদ পানিসর বরাহ ও স্যানিটেশন নীতিমালা-১৯৯৮ ২। জাতীয় আর্সেনিক নিরসন নীতিমালা ও বাস্তবায়ন পরিকল্পনা (NAMIP-2004) ৩। Water Quality Standard for Bangladesh.	জেলা পর্যায়ে নির্বাহী প্রকৌশলী
-ঐ-	পানির গুণগতমান পরীক্ষা	সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)/উপঃ সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য)	পানির গুণগতমান পরীক্ষার জন্য সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) বরাবর আবেদন করতে হয়। আবেদনপত্র প্রাপ্তির পর উপ-সহকারী প্রকৌশলী/ নলকূপ মেকানিক কর্তৃক সরেজমিন পরিদর্শনপূর্বক নমুনা সংগ্রহ করে আঞ্চলিক পরীক্ষা কেন্দ্রে প্রেরণ করা হয়। সেখান থেকে নমুনা পরীক্ষা করে উপজেলাতে রিপোর্ট পাঠিয়ে দেয়া হয়। উক্ত রিপোর্টটি আবেদনকারীকে প্রদান করা হয়।	আনুমানিক ১৭-২৩ দিন	ফিন্ড টেস্ট কীট- বিনামূল্যে এবং ল্যাবের টেরী টেস্টের ক্ষেত্রে ৫০-৫০০/- (প্রতি প্যারামিটারের জন্য)	১। জাতীয় আর্সেনিক নিরসন নীতিমালা ও বাস্তবায়ন পরিকল্পনা (NAMIP-2004) ২। Water Quality Standard for Bangladesh.	
-ঐ-	নলকূপ মেরামতকরণ	নলকূপ মেকানিক	সরকারি নলকূপ মেরামত সংক্রান্ত অভিযোগ প্রাপ্তির পর সংশ্লিষ্ট নলকূপ মেকানিককে মেরামতের জন্য প্রেরণ এবং কারিগরি সহায়তা প্রদান। এক্ষেত্রে জনগণকে উপজেলা চেয়ারম্যান/ ইউপি চেয়ারম্যানের নিকট আবেদন করতে হয়। আবেদনগুলো সহকারী প্রকৌশলী (জনস্বাস্থ্য) এর নিকট প্রেরণ করা হয়। উপজেলা চেয়ারম্যান/ইউপি চেয়ারম্যানের মাধ্যমে প্রাপ্ত আবেদন অনুযায়ী মেকানিক মেরামতের জন্য সরাসরি নলকূপের নিকট চলে যান এবং মালামাল থাকা সাপেক্ষে নলকূপ মেরামতের ব্যবস্থা করেন।	আনুমানিক ৩০-৪৫ দিন কর্মদিবসের মধ্যে	প্রয়োজনীয় যন্ত্রাংশ ক্রয় করে দেওয়া/ যন্ত্রাংশের মূল্য পরিশোধ করতে হবে।	১। জাতীয় নিরাপদ পানি সরবরাহ ও স্যানিটেশন নীতিমালা-১৯৯৮	
-ঐ-	আপদকালীন সেবা	১। সহকারী প্রকৌশলী ২। উপ-সহকারী প্রকৌশলী ৩। নলকূপ মেকানিক	আপদকালীন বন্যা, সাইক্লোন ক্ষয়-ক্ষতির পরিমাণ নিরূপণ করে সরকারি নির্দেশনা মোতাবেক জরুরি ভিত্তিতে নিরাপদ পানি ও স্যানিটেশনের ব্যবস্থা করা হয়	আপদকালীন সময়ে জরুরী ভিত্তিতে	বিনামূল্যে	অধিদপ্তরের নির্দেশ অনুযায়ী	
-ঐ-	প্রশিক্ষণ	১। সহকারী প্রকৌশলী ২। উপ-সহকারী প্রকৌশলী	স্থানীয় সরকার, বেসরকারি সংস্থা, উদ্যোক্তা কর্তৃক আয়োজিত প্রশিক্ষণে প্রশিক্ষক প্রদান করা হয়। তাছাড়া নিরাপদ পানি এবং স্যানিটেশন সম্পর্কে জনগণের মাঝে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে উঠান বৈঠক, ইউনিয়ন পরিষদের সভা ইত্যাদি আয়োজন করা হয়।	আনুমানিক -10 15 কর্মদিবসের মধ্যে			